গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
কারা শাখা-২

নং-স্বম(কারা-২)পি-১৫/২০০৭/৯১৫

তারিখ ঃ ১৩/০৬/২০০৭ খ্রিঃ

বিষয় ঃ কারাবিধি ১ম খন্ডের ৫৬৯ ধারার আওতায় মুক্তিযোগ্য কয়েদীদের মামলার জবেদা নকল উত্তোলন প্রসঙ্গে।

সূত্র ঃ (১) কারা অধিদপ্তরের স্মারক নং-পিডি/পরি-৬/২০০৬/৪৪০(২), তাং ২৭/০৩/০৬ খ্রিঃ
(২) " " " নং-পিডি/পরি-৬/২০০৭/১৯০৩(২), তাং ৩০/০৫/০৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারাগারে বন্দীদের সকল মামলার রায়ের জবেদা নকল সরকারী খরচে উত্তোলনের কোন বিধান নেই।

২। সদয় অবগতির জন্য নির্দেশক্রমে জানানো হ'ল।

(মোঃ মাহতাব উদ্দিন জমাদার)
উপ-সচিব
ফোন ঃ ৭১৭১৭০৩

স্মারকনং-বিবিধ-১/২০০৭/ ২৯৩৮ (১১) তারিখ- ২৭ জুন/২০০৭ ইং

নরসিংদী অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সিনিয়র তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক, ............. কেন্দ্রীয়/জেলা কারাগার বরাবরে প্রেরন করা হইল।

মোঃ সামসুল হায়দার ছিদ্দিকী
মেজর
কারা উপ-মহা পরিদর্শক,
ঢাকা বিভাগ, ঢাকা।

স্মারকনং-বিবিধ-১/২০০৭/ (১১)/১ তারিখ- জুন/২০০৭ইং

অনুলিপি অবগতির জন্য কারা মহা পরিদর্শক, বাংলাদেশ ঢাকা বরাবরে প্রেরন করা হইল।

এই প্রসংগে কারা অধিদপ্তরের স্মারকনং-পিডি/পরি-৬/২০০৭/২৪২৪(৪) তারিখ -২৪-৬-২০০৭ ইং উল্লেখ

মোঃ সামসুল হায়দার ছিদ্দিকী
মেজর
কারা উপ-মহা পরিদর্শক,
ঢাকা বিভাগ, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র নং- ৪৪.০৭.০০০০.০২৭.০৯.০০৯.১৪-৮৭১ (৭৫)

তারিখঃ ১৬ চৈত্র'১৪২০ বঙ্গাঃ
৩০ মার্চ'২০১৪ খ্রিঃ

বিষয় ঃ **কারাভ্যন্তরে ওয়ার্ডসমূহে একই কয়েদিকে দীর্ঘদিন ধরে একই স্থানের /একই কর্মের দায়িত্বে না রাখা ।**

১। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কারাভ্যন্তরে দায়িত্বরত কনভিক্ট নাইট ওয়াচ ম্যান/ কনভিক্ট ওভারসিয়ার (কয়েদি রাইটার, চীপ রাইটার ও ম্যাট) পদে কর্মরত কয়েদিদের দীর্ঘদিন ধরে একই ওয়ার্ডে একই দায়িত্বে একই কর্মে নিয়োজিত থাকায় কারাভ্যন্তরে বিভিন্ন ধরণের অনিয়মের সাথে জড়িয়ে পড়ছে। এ সকল কনভিক্ট নাইট ওয়াচ ম্যান/ কনভিক্ট ওভারসিয়ার (কয়েদি রাইটার, চীপ রাইটার ও ম্যাট) পদে কর্মরতদের প্রতি মাসে স্থান ও কর্ম পরিবর্তন করার জন্য বলা হলো। তাছাড়া যাদের বিরুদ্ধে সু-নিদিষ্ট অভিযোগ পাওয়া যাবে, তাদের বিরুদ্ধে কারা বিধির আলোকে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দেয়া হলো ।

২। কারাভ্যন্তরে সংঘটিত বিভিন্ন ধরনের অনিয়ম দূরীকরণার্থে ও সুষ্ঠু কারা প্রশাসনের স্বার্থে উল্লেখিত কয়েদি বন্দিদেরকে কারা বিধি মোতাবেক প্রতি মাসে নিয়মিতভাবে ওয়ার্ড পরিবর্তনের জন্য নির্দেশ প্রদান করা হলো। উল্লেখিত কয়েদি বন্দিদের বিষয়ে কারা কর্তৃপক্ষের নজরদারী আরো জোরদার করার জন্য বলা হলো।

২৬/৩/১৪
(মোঃ আব্দুল জলিল)
সহকারি কারা মহাপরিদর্শক(প্রশাসন)
পক্ষে-কারা মহাপরিদর্শক।
prison_dte@yahoo.com

১। সিনিয়র জেল সুপার
সকল কেন্দ্রীয় কারাগার।

২। জেল সুপার
সকল জেলা কারাগার।

অনুলিপি জ্ঞতার্থেঃ

১। কারা উপ মহাপরিদর্শক
সকল বিভাগ, সকল সদর দপ্তর।

021.03.018-3(Letter)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র নং- ৪৪.০৭.০০০০.০২৭.০৯.০০৩.১৪-৮৮১ (৭৫)

তারিখঃ ২৮ চৈত্র'১৪২০ বঙ্গাঃ
১০ মার্চ'২০১৪ খ্রিঃ

বিষয় ঃ **কারাভ্যন্তরে ওয়ার্ডসমূহে একই কয়েদিকে দীর্ঘদিন ধরে একই স্থানের /একই কর্মের দায়িত্বে না রাখা ।**

১। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কারাভ্যন্তরে দায়িত্বরত কনভিক্ট নাইট ওয়াচ ম্যান/ কনভিক্ট ওভারসিয়ার (কয়েদি রাইটার, চীপ রাইটার ও ম্যাট) পদে কর্মরত কয়েদিদের দীর্ঘদিন ধরে একই ওয়ার্ডে একই দায়িত্বে একই কর্মে নিয়োজিত থাকায় কারাভ্যন্তরে বিভিন্ন ধরণের অনিয়মের সাথে জড়িয়ে পড়ছে। এ সকল কনভিক্ট নাইট ওয়াচ ম্যান/ কনভিক্ট ওভারসিয়ার (কয়েদি রাইটার, চীপ রাইটার ও ম্যাট) পদে কর্মরতদের প্রতি মাসে স্থান ও কর্ম পরিবর্তন করার জন্য বলা হলো। তাছাড়া যাদের বিরুদ্ধে সু-নিদিষ্ট অভিযোগ পাওয়া যাবে, তাদের বিরুদ্ধে কারা বিধির আলোকে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দেয়া হলো ।

২। কারাভ্যন্তরে সংঘটিত বিভিন্ন ধরনের অনিয়ম দূরীকরণার্থে ও সুষ্ঠু কারা প্রশাসনের স্বার্থে উল্লেখিত কয়েদি বন্দিদেরকে কারা বিধি মোতাবেক প্রতি মাসে নিয়মিতভাবে ওয়ার্ড পরিবর্তনের জন্য নির্দেশ প্রদান করা হলো। উল্লেখিত কয়েদি বন্দিদের বিষয়ে কারা কর্তৃপক্ষের নজরদারী আরো জোরদার করার জন্য বলা হলো।

২৫/৩/১৪
(মোঃ আব্দুল জলিল)
সহকারি কারা মহাপরিদর্শক(প্রশাসন)
পক্ষে-কারা মহাপরিদর্শক।
prison_dte@yahoo.com

১। সিনিয়র জেল সুপার
সকল কেন্দ্রীয় কারাগার।

২। জেল সুপার
সকল জেলা কারাগার।

অনুলিপি জ্ঞতার্থেঃ

১। কারা উপ মহাপরিদর্শক
সকল বিভাগ, সকল সদর দপ্তর।

021.03.018-3(Letter)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা ।

স্মারক নং-পিডি/পরি-৫/২০০৩/৭৬৭ (৬৩)    তারিখ- ২১ মে/২০০৩ ।

প্রেরক : কারা মহা পরিদর্শক
বাংলাদেশ, ঢাকা ।

প্রাপক : ১। সিনিয়র তত্ত্বাবধায়ক,
সকল কেন্দ্রীয় কারাগার ।

২। তত্ত্বাবধায়ক,
সকল জেলা কারাগার ।

বিষয় : যে সমস্ত কয়েদীর মুক্তির তারিখ আসন্ন অর্থাৎ অবশিষ্ট সাজার পরিমাণ ৬ (ছয়) মাসের কম তাদের রেয়াত মঞ্জুরীর প্রস্তাব পৃথক/আলাদাভাবে প্রেরণ করা প্রসংগে ।

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, যে সমস্ত কয়েদীর মুক্তির তারিখ আসন্ন তাদের রেয়াত মঞ্জুরীর প্রস্তাব, দীর্ঘদিন সাজা অবশিষ্ট রয়েছে এমন কয়েদীদের রেয়াত মঞ্জুরীর প্রস্তাবের সহিত একত্রে প্রেরণ করা হচ্ছে । এতদ্ব্যতীত যে সমস্ত কয়েদীর মুক্তির তারিখ আসন্ন উহা অগ্রগামী পত্রে উল্লেখ করা হয় না । ফলে যে কয়েদীর মুক্তির তারিখ আসন্ন তার বিষয়টি অনেক সময় দৃষ্টি গোচর না হওয়ায় সংশ্লিষ্ট বন্দীর প্রস্তাবিত রেয়াত যথা সময়ে মঞ্জুর করা সম্ভব হয়ে উঠে না । এতে করে অনেক সময় সংশ্লিষ্ট কয়েদী রেয়াত প্রাপ্তির ক্ষেত্রে কিছুটা ক্ষতির সম্মুখীন হয়ে থাকে । যা কারো কাম্য নহে।

অতএব, এখন থেকে যে সমস্ত কয়েদীর মুক্তির তারিখ আসন্ন অর্থাৎ সাজার পরিমাণ ৬ (ছয়) মাসের কম রয়েছে সে সমস্ত কয়েদীর রেয়াত মঞ্জুরীর প্রস্তাব পৃথক-ভাবে কারা অধিদপ্তরে প্রেরণ এবং অগ্রগামী পত্রে বন্দীর মুক্তির তারিখ উল্লেখ করার জন্য বলা যাচ্ছে ।

মোঃ সিরাজুল করিম
কর্ণেল
অতিঃ কারা মহা পরিদর্শক
পক্ষে-কারা মহা পরিদর্শক ।

স্মারক নং-পিডি/পরি-৫/২০০৩/৭৬৭ /১(৪)    তারিখ- ২১ মে/২০০৩ ।

অনুলিপি অবগতি ও উপরোক্ত নির্দেশ প্রতিপালন নিশ্চিত করার জন্য কারা উপ মহা পরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর এর বরাবরে প্রেরণ করা হ'ল ।

মোঃ সিরাজুল করিম
কর্ণেল
অতিঃ কারা মহা পরিদর্শক
পক্ষে-কারা মহা পরিদর্শক

[illegible] তালুকদার ।
[illegible]

২৮৭৯ তাং ২৮/৫/০৩

বন্টনকৃত শাখা

RB

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা।

স্মারক নং-পিডি/পরি-৫/২০০৩/৭৩৭ (৬৫) তারিখ-১৭/৫/২০০৩।

প্রেরক : কারা মহা পরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।

প্রাপক : ১। সিনিয়র তত্ত্বাবধায়ক,
সকল কেন্দ্রীয় কারাগার।

২। তত্ত্বাবধায়ক,
সকল জেলা কারাগার।

বিষয় : যে সমস্ত কয়েদীর মুক্তির তারিখ আসন্ন অর্থাৎ অবশিষ্ট সাজার পরিমাণ ৬ (ছয়) মাসের কম তাদের রেয়াত মঞ্জুরীর প্রস্তাব পৃথক/আলাদাভাবে প্রেরণ করা প্রসংগে।

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, যে সমস্ত কয়েদীর মুক্তির তারিখ আসন্ন তাদের রেয়াত মঞ্জুরীর প্রস্তাব, দীর্ঘদিন সাজা অবশিষ্ট রয়েছে এমন কয়েদীদের রেয়াত মঞ্জুরীর প্রস্তাবের সহিত একত্রে প্রেরণ করা হচ্ছে। এতদ্ব্যতীত যে সমস্ত কয়েদীর মুক্তির তারিখ আসন্ন উহা অগ্রগামী পত্রে উল্লেখ করা হয় না। ফলে যে কয়েদীর মুক্তির তারিখ আসন্ন তার বিষয়টি অনেক সময় দৃষ্টি গোচর না হওয়ায় সংশ্লিষ্ট বন্দীর প্রস্তাবিত রেয়াত যথা সময়ে মঞ্জুর করা সম্ভব হয়ে উঠে না। এতে করে অনেক সময় সংশ্লিষ্ট কয়েদী রেয়াত প্রাপ্তির ক্ষেত্রে কিছুটা ক্ষতির সম্মুখীন হয়ে থাকে। যা কারো কাম্য নহে।

অতএব, এখন থেকে যে সমস্ত কয়েদীর মুক্তির তারিখ আসন্ন অর্থাৎ সাজার পরিমাণ ৬ (ছয়) মাসের কম রয়েছে সে সমস্ত কয়েদীর রেয়াত মঞ্জুরীর প্রস্তাব পৃথকভাবে কারা অধিদপ্তরে প্রেরণ এবং অগ্রগামী পত্রে বন্দীর মুক্তির তারিখ উল্লেখ করার জন্য বলা যাচ্ছে।

১৭/৫

মোঃ সিরাজুল করিম
কর্ণেল
অতিঃ কারা মহা পরিদর্শক
পক্ষে-কারা মহা পরিদর্শক।

স্মারক নং-পিডি/পরি-৫/২০০৩/৭৩৭/১(৪) তারিখ-১৭/৫/২০০৩।

অনুলিপি অবগতি ও উপরোক্ত নির্দেশ প্রতিপালন নিশ্চিত করার জন্য কারা উপ মহা পরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর এর বরাবরে প্রেরণ করা হ'ল।

১৭/৫

মোঃ সিরাজুল করিম
কর্ণেল
অতিঃ কারা মহা পরিদর্শক
পক্ষে-কারা মহা পরিদর্শক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা।

স্মারক নং পিডি/জি এল-৪/৯৫/১৬৭৭(৭৮)

তারিখঃ ১৬ নভেম্বর/১৯৯৫ ইং
২২ কার্তিক/১৪০২বাং

প্রেরক : মহা কারা পরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।

প্রাপক : ১) উপ-মহা কারা পরিদর্শক,
সকল বিভাগ,
সকল কেন্দ্রীয় কারাগার।

২) তত্ত্বাবধায়ক,
সকল জেলা, উপ ও থানা কারাগার।

বিষয় : সাজাপ্রাপ্ত বন্দীদের অন্য মামলায় পুলিশ হেফাজতে প্রদান প্রসংগে।

উপরোক্ত বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবরে প্রেরিত অত্র অধিদপ্তরের স্মারক নং পিডি/ জি এল-৪/৯৫/১৪১৩ তাং ১৯-৯-৯৫ ইং ও স্বরাষ্ট্র মন্ত্রণালয় হইতে প্রাপ্ত স্মারক নং ৫১৬/ বিবিধ-২৮/৯৩(কারা-২) তাং ১৮-১০-৯৫ ইং এর অনুলিপি আপনার অবগতি ও ভবিষ্যত কর্মপন্থা গ্রহনের নিমিত্ত এতদসংগে প্রেরণ করা হইল।

(মোঃ আবদুল জাহির)
উপ-মহা কারা পরিদর্শক (সদর দপ্তর)
পক্ষে মহা কারা পরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।
ফোন- ২৪৬৪৯৪ (দপ্তর)।

জে, সি, মজুমদার
তাং ১২-১১-৯৫ইং।

গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-পিডি/জিএন-১০/৯৮/৫৮৭(৬৮)

তারিখ : ২৭ এপ্রিল/ ৯৮
১৪ বৈশাখ/১৪০৫

প্রেরক : ব্রিগেডিয়ার মোঃ ওয়ালিউর রহমান চৌধুরী
কারা মহা পরিদর্শক।

প্রাপক : সিনিয়র তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক,
সকল কেন্দ্রীয় ও জেলা কারাগার।

বিষয় : কয়েদীদের সাজা গননা সংক্রান্ত জটিলতা বা সংশয় প্রসংগে।

কারাগারে অবস্থানরত সাজাপ্রাপ্ত বন্দীদের সাজা গননা সংক্রান্ত কোন জটিলতা বা সংশয় দেখা দিলে উক্ত বিষয়ে সিদ্ধান্তের নিমিত্ত স্বঃ স্বঃ বিভাগীয় কারা উপ-মহা পরিদর্শক বরাবরে এখন হইতে পত্র যোগাযোগ করার জন্য নির্দেশ প্রদান করা হইল। সংশ্লিষ্ট কারা উপ-মহা পরিদর্শক প্রয়োজন বোধে উহা এ অধিদপ্তরে প্রেরন করিবেন।

২৭/৪
মোঃ ওয়ালিউর রহমান চৌধুরী
ব্রিগেডিয়ার
কারা মহা পরিদর্শক।

স্মারক নং- পিডি/জিএন-১০/৯৮/৫৮৭/১(৪)

তারিখ : ২৭ এপ্রিল/৯৮
১৪ বৈশাখ/১৪০৫

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য কারা উপ-মহা পরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর এর বরাবরে প্রেরন করা হইল।

২৭/৪
মোঃ ওয়ালিউর রহমান চৌধুরী
ব্রিগেডিয়ার
কারা মহা পরিদর্শক।
ফোন : ৯৫ ৬৫ ৭৮ ৩ (দপ্তর)।

...৪-৯৮ ইং।

গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-পিডি/জিএল-১০/৯৮/৫৮৭(৬২) তারিখ : ২৭ এপ্রিল/৯৮ / ১৪ বৈশাখ/১৪০৫

প্রেরক : ব্রিগেডিয়ার মোঃ ওয়ালিউর রহমান চৌধুরী
কারা মহা পরিদর্শক।

প্রাপক : সিনিয়র তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক,
সকল কেন্দ্রীয় ও জেলা কারাগার।

বিষয় : কয়েদীদের সাজা গননা সংক্রান্ত জটিলতা বা সংশয় প্রসংগে।

কারাগারে অবস্থানরত সাজাপ্রাপ্ত বন্দীদের সাজা গননা সংক্রান্ত কোন জটিলতা বা সংশয় দেখা দিলে উক্ত বিষয়ে সিদ্ধান্তের নিমিত্ত স্বঃ স্বঃ বিভাগীয় কারা উপ-মহা পরিদর্শক বরাবরে এখন হইতে পত্র যোগাযোগ করার জন্য নির্দেশ প্রদান করা হইল। সংশ্লিষ্ট কারা উপ-মহা পরিদর্শক প্রয়োজন বোধে উহা অত্র অধিদপ্তরে প্রেরন করিবেন।

২৭/৪
মোঃ ওয়ালিউর রহমান চৌধুরী
ব্রিগেডিয়ার
কারা মহা পরিদর্শক।

স্মারক নং- পিডি/জিএল-১০/৯৮/৫৮৭/১(৪) তারিখ : ২৭ এপ্রিল/৯৮ / ১৪ বৈশাখ/১৪০৫

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য কারা উপ-মহা পরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর এর বরাবরে প্রেরন করা হইল।

২৭/৪
মোঃ ওয়ালিউর রহমান চৌধুরী
ব্রিগেডিয়ার
কারা মহা পরিদর্শক।
ফোন : ৯৫ ৬৩ ৫৮ ৩ (দপ্তর)।

মোজেপ/-
২৬-৪-৯৮ ইং।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা।

স্মারক সংখ্যা পিডি/পরি-৩০(সার্কুলার)/২০০৭/২১৪০ (৭১)    তারিখঃ- ১৯/৬/২০০৭ খ্রিঃ

বিষয়ঃ- সাজাপ্রাপ্ত বন্দীদের জেল আপীল দাখিল প্রসংগে।

১। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, সাজাপ্রাপ্ত বন্দীদের জেল আপীল কারা বিধি মোতাবেক যথাসময়ে প্রেরণ করা হচ্ছে না এবং বিলম্বে প্রেরণকৃত আপীল আবেদন কেন বিলম্বে প্রেরণ করা হয়েছে সে সম্পর্কে কোন কিছু উল্লেখ না থাকায় বিজ্ঞ বিচারক মহামান্য সুপ্রীম কোর্টের হাই কোর্ট বিভাগ অসন্তোষ প্রকাশ করেছেন।

২। সাজাপ্রাপ্ত বন্দীদের আপীল প্রেরণের জন্য কারা বিধিতে নিম্নরূপ নির্দেশনা রয়েছে ঃ-

ক) মৃত্যুদন্ডাদেশের বিরুদ্ধে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে আপীলঃ ০৭(সাত) দিন

খ) অন্য কোন বিজ্ঞ আদালতে আপীলঃ ৩০ (ত্রিশ) দিন

গ) মৃত্যু দন্ডাদেশ ভিন্ন অন্য আদেশের বিরুদ্ধে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে আপীল ঃ ৬০ (ষাট) দিন

৩। সাজাপ্রাপ্ত বন্দীদের সিদ্ধান্তহীনতা, আত্মীয় স্বজনের সাথে যোগাযোগ বা তার কৌশলীর সাথে যোগাযোগে ব্যর্থতার কারণে অনেক সময় আপীল করতে নির্দিষ্ট সময় অতিবাহিত হয়ে যেতে পারে। এমতাবস্থায়ও যদি বন্দী তার আপীল আবেদন প্রেরণ করতে চায় তবে তার আবেদন প্রেরণ করতে হবে। সে ক্ষেত্রে বন্দী তার আবেদন পত্রের শেষ অংশে কি কারণে আপীল আবেদন করতে দেরী করেছে সে কারণ টি উল্লেখ করে মহামান্য আদালতের মার্জনা প্রার্থনা পূর্বক তার আপীল আবেদনটি গ্রহনের জন্য অনুরোধ জানাবে। এভাবে আপীল আবেদন দাখিল করার পর কারা কর্তৃপক্ষ বন্দীর আপীল আবেদনটি মহামান্য সুপ্রীম কোর্ট হাই কোর্ট বিভাগ এর বরাবরে অগ্রগামী করবেন ( প্রয়োজনীয় ফরম পূরন করতঃ )।

৪। এখানে আরও একটি বিষয় উল্লেখযোগ্য যে, আপীল আবেদনের সাথে রায়ের কপি পাঠানোর নিয়ম আছে। কিন্তু বেশির ভাগ ক্ষেত্রে আদালত থেকে জেল কর্তৃপক্ষের হাতে রায়ের কপি বিলম্বে পাওয়া যায়। সেক্ষেত্রে সংশ্লিষ্ট জেল কর্তৃপক্ষ বন্দীর আপীলটি বিজ্ঞ আদালতে প্রেরণ পূর্বক রায়ের কপি পাওয়া মাত্র সেখানে প্রেরণ করা হবে মর্মে অঙ্গীকার করবে।

৫। বিষয়টি এখন থেকে সকল জেল কর্তৃপক্ষকে কঠোরভাবে মেনে চলতে বলা হ'ল। ভবিষ্যতে এ আদেশের কোন ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

মোঃ আশরাফুল ইসলাম খান
কর্ণেল
অতিরিক্ত কারা মহা পরিদর্শক
পক্ষে- কারা মহা পরিদর্শক।

সিনিয়র তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক,
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

অনুলিপি,

১। বিজ্ঞ সহকারী রেজিস্ট্রার
মহামান্য সুপ্রীম কোর্ট অফ বাংলাদেশ হাই কোর্ট বিভাগ
ঢাকা।

২। কারা উপ-মহা পরিদর্শক
সকল বিভাগ
সকল বিভাগীয় দপ্তর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা ।

স্মারক নং স্বম (কারা-২)/বিবিধ-১১/২০০৭/২২ তারিখঃ- ০৫/০৩/২০০৭ ইং

বিষয়ঃ- ফৌজদারী কার্য বিধির ৩৫ (সংশোধিত) ধারা মোতাবেক দন্ডের মেয়াদকাল থেকে হাজতবাস কাল বাদ দেওয়া প্রসংগে ।

সূত্রঃ- কারা অধিদপ্তরের স্মারক নং পিডি/পরি-১০/২০০৭/২৩, তাং ১৭/০১/২০০৭ ইং ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সাজা পরোয়ানায় লিপিবদ্ধকৃত বিষয় সম্পূর্ণরূপে আদালতের এখতিয়ারাধীন ।

২। এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে জেল কোড অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল ।

স্বাক্ষরিত
( আমেনা বেগম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৭১৭০৩

কারা মহা পরিদর্শক,
কারা অধিদপ্তর, ঢাকা ।

কারা অধিদপ্তর, ঢাকা ।
-----------------

স্মারক নং পিডি/পরি-১০/২০০৭/ ৫৭৩ (১৫৮) তারিখঃ- ০৭ / ০৩ /২০০৭ ইং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ অধিদপ্তরের সংখ্যা-পিডি/পরি-১০/০৬/৩০০ (১৫০) তাং ২৮/২/২০০৬ খ্রিঃ এর অনুক্রমিকে প্রেরণ করা হ'ল :-

১। জেলা প্রশাসক, সকল জেলা ।
২। কারা উপ-মহা পরিদর্শক, সকল বিভাগ ।
৩। সিনিয়র তত্ত্বাবধায়ক, সকল কেন্দ্রীয় কারাগার ।
৪। তত্ত্বাবধায়ক, সকল জেলা কারাগার ।
৫। সহকারী কারা মহা পরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা ।
৬। প্রশাসনিক কর্মকর্তা/বাজেট অফিসার/পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা ।
৭। ভারপ্রাপ্ত সহকারী ( সকল শাখা ), কারা অধিদপ্তর, ঢাকা ।
৮। গার্ড ফাইল ।

৭/৩/০৭

মোঃ সিরাজুল করিম
কর্ণেল
অতিরিক্ত কারা মহা পরিদর্শক
পক্ষে-কারা মহা পরিদর্শক ।

খা, আমীন,
========ই*।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর, ঢাকা ।

স্মারক নং পিডি/এমডি-৫৯/৮৫/৩৪০(৩) তারিখ ১৩ মে'৮৭ ইং / ২৯ বৈশাখ'৯৪ বাং

প্রেরক : কর্ণেল মকসুল হোসেন চৌধুরী,
মহা কারা পরিদর্শক, বাংলাদেশ ।

প্রাপক : উপ-মহা কারা পরিদর্শক,
-------------বিভাগ,
------------কেন্দ্রীয় কারাগার ।

বিষয় : কারা শিল্প=কয়েদীদের সনদ পত্র সরবরাহ প্রসংগে ।

সূত্র : আপনার বরাবরে প্রেরিত, রাজশাহী বিভাগ, রাজশাহী কেন্দ্রীয় কারাগারের স্মারক নং ৬৪২(৫) তারিখ ৭-২-৮৭ ইং ।

সূত্রে উল্লেখিত স্মারকের প্রেক্ষাপটে রাজশাহী কেন্দ্রীয় কারাগার হইতে কারা শিল্পে প্রশিক্ষণপ্রাপ্ত কয়েদীদের কারা মুক্তির সময় সরবরাহ করার জন্য আপনার বিভাগের জন্য বরাদ্দকৃত সনদপত্রগুলি ইতি--মধ্যে সংগ্রহ করা হইয়াছে কিনা, না হইয়া থাকিলে এই দপ্তরের অনুমতির মাধ্যমে সত্বর ঐগুলি সংগ্রহের জন্য আপনাকে অনুরোধ করা যাইতেছে ।

এই দপ্তরের স্মারক নং পিডি/এমডি-৫৯/৮৫/১০০৪/১(৩) তাং ৬-১২-৮৬ ইং এর নির্দেশ মোতাবেক সনদ পত্রগুলির হিসাব বাঁধানো পাকা রেজিষ্টার বহিতে রাখিয়া স্মারকে প্রদর্শিত ছক মোতাবেক যথেষ্ঠ বিচার বিশ্লেষণ পূর্বক কেবল মাত্র যোগ্য বন্দীদের কারা মুক্তির সময় যথাযথ ভাবে পূরণ করত সনদ-পত্রগুলি তাহাকে/তাহাদের প্রদান করার জন্য অনুরোধ করা যাইতেছে। আপনার বিভাগস্থ জেলা কারাগার তত্ত্বাবধায়কগনও যাহাতে অনুরূপ কার্যাক্রম গ্রহণ করেন তাহা নিশ্চিত করার জন্যও আপনাকে অনুরোধ করা যাইতেছে ।

পঞ্জিকা বৎসরান্তে কতজন বন্দীদেরকে উক্ত সনদপত্র বিতরণ করা হইল তাহার একটি বিবরণী পরবর্তী বৎসরের জানুয়ারী মাসের ১৫ তারিখের মধ্যেই যাহাতে এই দপ্তরে পৌঁছে সে দিকে লক্ষ্য রাখার জন্যও অনুরোধ করা যাইতেছে ।

১৩/৫/৮৭ [signature]
কর্ণেল,
(মকসুল হোসেন চৌধুরী)
মহা কারা পরিদর্শক,
বাংলাদেশ।
ফোন : ২৩ ৩৩ ৩২ (দপ্তর)।

ইউনুফ/৫-৫-৮৭ ইং

স্মারক নং পিডি/এমডি-৫৯/৮৫/৩৪০(৩)/১(১৪) তারিখ ১৩ মে'৮৭ ইং / ২৯ বৈশাখ'৯৪ বাং

অনুলিপি অবগতি ও যথাযথ কার্য্যক্রম গ্রহণের জন্য, তত্ত্বাবধায়ক, সকল জেলা কারাগার এর বরাবরে প্রেরন করা হইল। এ প্রসংগে এই দপ্তরের স্মারক নং পিডি/এমডি-৫৯/৮৫/১০০৪/২(১৪) তারিখ ৬-১২-৮৬ ইং উল্লেখ্য ।

সনদপত্রগুলি রক্ষনাবেক্ষন ও বন্দীদের মধ্যে সরবরাহের ব্যাপারে যাহাতে উপরোক্ত নির্দেশ সমূহ যথাযথভাবে পালিত হয় এবং সনদপত্রের বিতরন বিবরণী যথা সময়ে এই দপ্তরে পৌঁছে সে দিকে লক্ষ্য রাখার জন্যও অনুরোধ করা যাইতেছে ।

১৩/৫/৮৭ [signature]
কর্ণেল,
(মকসুল হোসেন চৌধুরী)
মহা কারা পরিদর্শক,
বাংলাদেশ ।

স্মারক নং পিডি/এমডি-৫৯/৮৫/৩৪০/২ তারিখ ১৩ মে'৮৭ ইং / ২৯ বৈশাখ'৯৪ বাং

অনুলিপি অবগতির জন্য উপ-মহা কারা পরিদর্শক, রাজশাহী বিভাগ, রাজশাহী কেন্দ্রীয় কারাগার, এর বরাবরে প্রেরন করা হইল। এ প্রসংগে তাঁহার স্মারক নং ৬৫/টেবি তাং ৮-২-৮৭ উল্লেখ্য ।

সনদপত্রের ব্যাপারে উপরোল্লেখিত নির্দেশাবলী তাঁহার কারাগারেও যথাযথভাবে পালন করার জন্য তাঁহাকে অনুরোধ করা যাইতেছে ।

১৩/৫/৮৭ [signature]
কর্ণেল,
(মকসুল হোসেন চৌধুরী)
মহা কারা পরিদর্শক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা।

স্মারক সংখ্যা পিডি/পরি-(সার্কুলার)/১০/২০০৭/৭৭৬(৭০) তারিখঃ- ২২/০৩/২০০৭ খ্রিঃ

বিষয়ঃ- সাজাপ্রাপ্ত বন্দীদের রক্তদানের বিনিময়ে বিশেষ রেয়াত সুবিধা প্রদান না করা প্রসংগে।

দেশের কারাগারে আটক সাজাপ্রাপ্ত বন্দীগণ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং ৯১(১০০)/জেল-২/৭৮ তারিখঃ ২৫ এপ্রিল' ১৯৭৮ খ্রিঃ মোতাবেক রক্ত দান করে বিশেষ রেয়াত সুবিধা গ্রহণ করে আসছে। কিন্তু মন্ত্রিসভা কর্তৃক চূড়ান্তভাবে অনুমোদিত সংশোধিত নতুন জেল কোডে রক্ত দানের জন্য বিশেষ রেয়াত সুবিধার বিষয়টি অন্তর্ভূক্ত করা হয়নি। সুতরাং এখন থেকে রক্তদানের বিনিময়ে কোন সাজাপ্রাপ্ত বন্দীকে বিশেষ রেয়াত দেয়া থেকে বিরত থাকার জন্য নির্দেশ দেয়া হল।

মোঃ সিরাজুল করিম
কর্ণেল
অতিরিক্ত কারা মহা পরিদর্শক
পক্ষে- কারা মহা পরিদর্শক।

১। কারা উপ-মহা পরিদর্শক,
সকল বিভাগ
সকল বিভাগীয় কার্য্যালয়।

২। সিনিয়র তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

খা,আমীন,
=========

গুরুত্বপূর্ণ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর, ঢাকা ।

স্মারক নং পিডি/জিএল-৫/৯৭/১৬১৩(৬২)

তারিখ : 27 আগস্ট'৯৭
12 ভাদ্র, ১৪০৪

প্রেরকঃ- ব্রিগেডিয়ার মোঃ ওয়ালিউর রহমান চৌধুরী,
কারা মহা পরিদর্শক, বাংলাদেশ ।

প্রাপকঃ- ১। সিনিয়র তত্ত্বাবধায়ক,
সকল কেন্দ্রীয় কারাগার ।

২। তত্ত্বাবধায়ক,
সকল জেলা ও উপ-কারাগার ।

বিষয়ঃ- নিদর্শনপত্র পর পর তিন বৎসর কারা অপরাধ মুক্ত রাখার সুবাদে কারা বিধি ১ম খন্ডের ৭৬৩(৭) ধারা মোতাবেক সাজা প্রাপ্ত বন্দীদের বিশেষ রেয়াত মঞ্জুরের প্রস্তাব প্রেরণ প্রসংগে ।

লক্ষ্য করা যাইতেছে যে, কোন কোন কারা কর্তৃপক্ষ কর্তৃক উল্লেখিত বিষয়ের প্রস্তাব প্রেরন কালে নানা রকম ভুল তথ্য সম্বলিত প্রস্তাব প্রেরন করা হইতেছে । ইহা ছাড়া বন্দীদের ৬০ দিনের বিশেষ রেয়াত প্রাপ্তির যোগ্যতা অর্জনের অব্যবহিত পরে রেয়াত মঞ্জুরের প্রস্তাব প্রেরন না করিয়া অনেক বিলম্বেও (এক থেকে দুই বৎসর পরেও) প্রস্তাব প্রেরন করা হইয়া থাকে । এই বিষয়ে বিভিন্ন সময় সতর্ক করা সত্ত্বেও কোন কোন কারাগার হইতে একই ধরনের ভুলের পুনরাবৃত্তি পরিলক্ষিত হইতেছে ।

এতদসংক্রান্ত বিষয়ে ভবিষ্যতে অধিকতর সতর্কতা অবলম্বনের জন্য নির্দেশ প্রদান করা হইল ।

মোঃ ওয়ালিউর রহমান চৌধুরী
ব্রিগেডিয়ার
কারা মহাপরিদর্শক ।

এ, হাই/.
২৬-৮-৯৭

স্মারক নং পিডি/জিএল-৫/৯৭/১৬১৩/১(৪)

তারিখ : 27 আগস্ট'৯৭
12 ভাদ্র, ১৪০৪

অনুলিপি অবগতির জন্য কারা উপ-মহা পরিদর্শক, ________________, বিভাগ, সদর দপ্তর, ____________ এর বরাবরে প্রেরণ করা হইল ।

মোঃ ওয়ালিউর রহমান চৌধুরী
ব্রিগেডিয়ার
কারা মহা পরিদর্শক ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা।

স্মারক সংখ্যা পিড/প্রি-৫(সার্কুলার)/২০০৯/৫২৬(৭১)　　　　তারিখ ঃ ১২-০২-২০০৯ খ্রিঃ

বিষয় ঃ বন্দীদের বিশেষ রেয়াত প্রস্তাব প্রেরণ প্রসংগে

লক্ষ্য করা যাচেছ যে, বন্দীদের বিশেষ রেয়াত প্রস্তাব প্রেরণের সময় অনেক কারাগার কর্তৃক প্রস্তাবের স্বপক্ষে সুপারিশ করা হয় না। এখন থেকে অবশ্যই অগ্রগামী পত্রে সুপারিশসহ রেয়াত প্রস্তাব প্রেরণের অনুরোধ করা হ'ল।

(মোঃ মিজানুর রহমান)
সহকারী কারা মহা পরিদর্শক(প্রশাসন)
পক্ষে- কারা মহা পরিদর্শক
ফোন-৭৩০০৪৬৬ (দপ্তর)।

১। সিনিয়র তত্ত্বাবধায়ক
সকল কেন্দ্রীয় কারাগার।

২। তত্ত্বাবধায়ক
সকল জেলা কারাগার।

অনুলিপি,

কারা উপ মহা পরিদর্শক
সকল বিভাগ, বিভাগীয় দপ্তর
ঢাকা, রাজশাহী, কুমিল্লা, যশোর।

Porv-22-09(N

অতীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা

স্মারক নং-পিডি/আইন/এমইটি-২/২০০৮/ ৫৪২ (৬৬) তারিখ ৪-০৫-২০০৮ খ্রিঃ

প্রেরক ঃ কারা মহা পরিদর্শক
বাংলাদেশ, ঢাকা

প্রাপক ঃ ১। সিনিয়র তত্ত্বাবধায়ক
সকল কেন্দ্রীয় কারাগার।

২। তত্ত্বাবধায়ক
সকল জেলা কারাগার।

বিষয় ঃ **বন্দীদের ছবি সংরক্ষন এবং বন্দী ম্যাট, পাহারা ও রাইটারদের কাজ প্রতি মাসে পরিবর্তন করা প্রসংগে**

বরাত ঃ কারা অধিদপ্তরের স্মারক নং-পিডি/১বি-৮/২০০৭/৪২৪ তারিখ ১০-৭-২০০৭ ও নং পিডি/পরি-৩৫/২০০২/৪৭৪(৬৫) তারিখ ২৭-৪-২০০২ ইং।

১। লক্ষ্য করা যাচ্ছে যে, বরাতোক্ত স্মারকের নির্দেশ সঠিকভাবে প্রতিপালন করা হচ্ছে না। ফলে সম্প্রতি ৯-৪-২০০৮ তারিখে চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগার হতে হাজতী নং-৪৭০৩/০৮ জহির আহমেদ এর পরিবর্তে হাজতী নং-৪৭০৪/০৮ ওসমান গনি ওরফে রিপন প্রতারণার মাধ্যমে জামিনে মুক্তি যেতে সক্ষম হয়েছে।

২। ভবিষ্যতে বন্দীর ভুল মুক্তি এড়ানোর জন্য বন্দীদের ছবি হিষ্ট্রি টিকেট, ওয়ারেন্ট ও ভর্তি রেজিষ্টার যথাযথভাবে সংরক্ষন করা এবং ম্যাট, পাহারা ও রাইটারদের কাজ প্রতি মাসে পরিবর্তন করার যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য পুনরায় নির্দেশ প্রদান করা হল।

(মুহম্মদ মুস্তাফিজুর রহমান)
সহকারী কারা মহা পরিদর্শক (অর্থ)
পক্ষে- কারা মহা পরিদর্শক

স্মারক নং-পিডি/আইন/এমইটি-২/২০০৮/ /১(৪) তারিখ -০ -২০০৮ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কারা উপ মহা পরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর এর বরাবরে প্রেরণ করা হলো।

(মুহম্মদ মুস্তাফিজুর রহমান)
সহকারী কারা মহা পরিদর্শক (অর্থ)
পক্ষে- কারা মহা পরিদর্শক

A-240

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা।

স্মারক সংখ্যা পিডি/গরি-৩০(সার্কুলার)/২০০৭/২১৪০ (৭১)    তারিখঃ- ১৯/৬/২০০৭ খ্রিঃ

বিষয়ঃ- সাজাপ্রাপ্ত বন্দীদের জেল আপীল দাখিল প্রসংগে।

১। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, সাজাপ্রাপ্ত বন্দীদের জেল আপীল কারা বিধি মোতাবেক যথাসময়ে প্রেরণ করা হচ্ছে না এবং বিলম্বে প্রেরণকৃত আপীল আবেদন কেন বিলম্বে প্রেরণ করা হয়েছে সে সম্পর্কে কোন কিছু উল্লেখ না থাকায় বিজ্ঞ বিচারক মহামান্য সুপ্রীম কোর্টের হাই কোর্ট বিভাগ অসন্তোষ প্রকাশ করেছেন।

২। সাজাপ্রাপ্ত বন্দীদের আপীল প্রেরণের জন্য কারা বিধিতে নিম্নরূপ নির্দেশনা রয়েছে ঃ-

ক) মৃত্যুদন্ডাদেশের বিরুদ্ধে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে আপীলঃ ০৭ (সাত) দিন

খ) অন্য কোন বিজ্ঞ আদালতে আপীলঃ ৩০ (ত্রিশ) দিন

গ) মৃত্যু দন্ডাদেশ ভিন্ন অন্য আদেশের বিরুদ্ধে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে আপীল ঃ ৬০ (ষাট) দিন

৩। সাজাপ্রাপ্ত বন্দীদের সিদ্ধান্তহীনতা, আত্মীয় স্বজনের সাথে যোগাযোগ বা তার কৌশলীর সাথে যোগাযোগে ব্যর্থতার কারণে অনেক সময় আপীল করতে নির্দিষ্ট সময় অতিবাহিত হয়ে যেতে পারে। এমতাবস্থায়ও যদি বন্দী তার আপীল আবেদন প্রেরণ করতে চায় তবে তার আবেদন প্রেরণ করতে হবে। সে ক্ষেত্রে বন্দী তার আবেদন পত্রের শেষ অংশে কি কারণে আপীল আবেদন করতে দেরী করেছে সে কারণ টি উল্লেখ করে মহামান্য আদালতের মার্জনা প্রার্থনা পূর্বক তার আপীল আবেদনটি গ্রহনের জন্য অনুরোধ জানাবে। এভাবে আপীল আবেদন দাখিল করার পর কারা কর্তৃপক্ষ বন্দীর আপীল আবেদনটি মহামান্য সুপ্রীম কোর্ট হাই কোর্ট বিভাগ এর বরাবরে অগ্রগামী করবেন (প্রয়োজনীয় ফরম পূরন করতঃ)।

৪। এখানে আরও একটি বিষয় উল্লেখযোগ্য যে, আপীল আবেদনের সাথে রায়ের কপি পাঠানোর নিয়ম আছে। কিন্তু বেশির ভাগ ক্ষেত্রে আদালত থেকে জেল কর্তৃপক্ষের হাতে রায়ের কপি বিলম্বে পাওয়া যায়। সেক্ষেত্রে সংশ্লিষ্ট জেল কর্তৃপক্ষ বন্দীর আপীলটি বিজ্ঞ আদালতে প্রেরণ পূর্বক রায়ের কপি পাওয়া মাত্র সেখানে প্রেরণ করা হবে মর্মে অঙ্গীকার করবে।

৫। বিষয়টি এখন থেকে সকল জেল কর্তৃপক্ষকে কঠোরভাবে মেনে চলতে বলা হ'ল। ভবিষ্যতে এ আদেশের কোন ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

মোঃ আশরাফুল ইসলাম খান
কর্ণেল
অতিরিক্ত কারা মহা পরিদর্শক
পক্ষে- কারা মহা পরিদর্শক।

সিনিয়র তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক,
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

অনুলিপি,

------

১। বিজ্ঞ সহকারী রেজিষ্ট্রার
মহামান্য সুপ্রীম কোর্ট অফ বাংলাদেশ হাই কোর্ট বিভাগ
ঢাকা।

২। কারা উপ-মহা পরিদর্শক
সকল বিভাগ
সকল বিভাগীয় দপ্তর।

খালেদ,
=====২*।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
কারা শাখা-২

নং-স্বম(কারা-২)বিবিধ-১১/০৫/৪৯১ তারিখ ঃ ২০/৮/২০০৮

বিষয় ঃ "The Code of Criminnal Procedure (Amendment) Act 2003 এর আওতায় সাজার মেয়াদকাল থেকে হাজতবাসের মেয়াতকাল বাদ দেয়া প্রসঙ্গে।

সুত্র ঃ কারা অধিদপ্তরের স্মারক নম্বর পিডি/পরি-১০/২০০৮/১৭৭৭(৩), তাং-২/৫/০৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "The Code of Criminnal Procedure (Amendment) Act 2003 এর বিধান সাজাপ্রাপ্ত সকল বন্দির ক্ষেত্রে প্রয়োগ করা হবে কিনা সে বিষয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মতামত গ্রহণ করা হয়েছে। উক্ত মতামতের আলোকে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও দপ্তরের প্রতিনিধি সমন্বয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত নিম্নরূপ ঃ

"দন্ডিত আসামীর সাজা পরোয়ানায় দন্ডের মেয়াদ বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রায়ে যা উল্লেখ থাকে তা বাস্তবায়নের জন্য কারা কর্তৃপক্ষকে অনুরোধ করা যায়।"

২। বর্ণিতাবস্থায়, উক্ত সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

২০/৮/০৮
(মোঃ মিজানুর রহমান)
উপ-সচিব
ফোন ঃ ৭১৭১৭০৩

**কারা অধিদপ্তর, ঢাকা**

স্মারক সংখ্যা পিডি/পরি-১০/২০০৮/৩১৭২(৭২) তারিখ ঃ ০৩-৯-২০০৮ খ্রিঃ

এ অধিদপ্তরের স্মারক সংখা ক। পিডি/পরি-১০/২০০৬/৩০০(১৫০) তাং-২৮-০২-২০০৬, খ। পিডি/ পরি-১০/২০০৬/১২৯৭(৭০) তাং-১৪-০৮-২০০৬, গ। পিডি/পরি-১০/২০০৭/৫৭৩(১৫০) তাং-০৭-৩-২০০৭, এর অনুবৃত্তিক্রমে অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল।

(মোঃ মিজানুর রহমান)
সহকারী কারা মহা পরিদর্শক(প্রশাসন)
পক্ষে- কারা মহা পরিদর্শক।

১। সিনিয়র তত্ত্বাবধায়ক / তত্ত্বাবধায়ক,
সকল কেন্দ্রীয়/ জেলা কারাগার।

২। কারা উপ মহা পরিদর্শক
সকল বিভাগ, সকল বিভাগীয় দপ্তর।

অনুলিপি(সদয় জ্ঞাতার্থে) ঃ

সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃঃ আকর্ষণ-যুগ্ম সচিব, প্রশাসন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা।

স্মারক সংখ্যা পিডি/পরি-(সার্কুলার)/১০/২০০৭/৭৭৬(৭০) তারিখঃ- ২৭/০৩/২০০৭ খ্রিঃ

বিষয়ঃ- সাজাপ্রাপ্ত বন্দীদের রক্তদানের বিনিময়ে বিশেষ রেয়াত সুবিধা প্রদান না করা প্রসংগে।

দেশের কারাগারে আটক সাজাপ্রাপ্ত বন্দীগণ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং ২১(১০০)/জেল-২/৭৮ তারিখঃ ২৫ এপ্রিল' ১৯৭৮ খ্রিঃ মোতাবেক রক্ত দান করে বিশেষ রেয়াত সুবিধা গ্রহণ করে আসছে। কিন্তু মন্ত্রিসভা কর্তৃক চূড়ান্তভাবে অনুমোদিত সংশোধিত নতুন জেল কোডে রক্ত দানের জন্য বিশেষ রেয়াত সুবিধার বিষয়টি অন্তর্ভূক্ত করা হয়নি। সুতরাং এখন থেকে রক্তদানের বিনিময়ে কোন সাজাপ্রাপ্ত বন্দীকে বিশেষ রেয়াত দেয়া থেকে বিরত থাকার জন্য নির্দেশ দেয়া হল।

মোঃ সিরাজুল করিম
কর্ণেল
অতিরিক্ত কারা মহা পরিদর্শক
পক্ষে- কারা মহা পরিদর্শক।

১। কারা উপ-মহা পরিদর্শক,
সকল বিভাগ
সকল বিভাগীয় কার্যালয়।

২। সিনিয়র তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

খা,আমীন,
=========৭*।